

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.১৫.০০১.২২.৩৩৮

তারিখ: ৯ অগ্রহাষণ ১৪২৯

২৪ নভেম্বর ২০২২

বিষয়: প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালে মামলা নং- ৩৫৪/২০২২ এবং ৩৫৫/২০২২-এর বিষয়ে সরকার পক্ষে মামলা পরিচালনা সংক্রান্ত।

সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৯৩.০৪.১২৭.২২.২৮৪, তারিখ: ০৮ নভেম্বর, ২০২২।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ আব্দুল মালিক, প্রভাষক (ইসলামের ইতিহাস ও অর্থনীতি) ও জনাব মোঃ খায়রুল আলম, প্রভাষক (অর্থনীতি) গং সিলেট সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, চাকরি স্থায়ীকরণ বহাল রেখে সরকারিকরণের পূর্বের সম্পূর্ণ চাকরিকাল গণনা ও বেতন ভাতাদি সংরক্ষণের জন্য প্রশাসনিক ট্রাইব্যুনালে বাস্তবায়ন মামলা নং- ৩৫৪/২০২২ এবং ৩৫৫/২০২২ দায়ের করেন। মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ ০৪ (চার) জন-কে বিবাদী করা হয়েছে। বিবাদীগণকে লিখিত জবাব/আপত্তি সত্যপাঠ সহ (যদি থাকে) অনুলিপি সহকারে ০২ (দুই) প্রস্তু উক্ত প্রশাসনিক ট্রাইব্যুনালে ৩০/১০/২০২২ তারিখে দাখিল করার নির্দেশনা রয়েছে।

০২। উপর্যুক্ত বর্ণনার আলোকে সচিব মহোদয়ের পক্ষে প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালে, ঢাকা মামলার বিষয়ে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:


(ক) প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালে মামলা নং- ৩৫৪/২০২২ এবং ৩৫৫/২০২২-এর বিষয়ে সরকার পক্ষে মামলা পরিচালনার জন্য প্রশাসনিক ট্রাইব্যুনালের সাথে যোগাযোগপূর্বক একজন বিজ্ঞ কৌশলি নিয়োগের ব্যবস্থা করা।

(খ) উক্ত মামলার বিষয়ে ওকালতনামা ও অথরাইজেশন লেটার সচিব মহোদয়ের স্বাক্ষরের নিমিত্ত প্রেরণের ব্যবস্থা গ্রহণ।

(গ) ধার্য তারিখে মামলার জবাব প্রদান করা/প্রয়োজনে সংশ্লিষ্ট আদালতে সময় বৃদ্ধির আবেদন করা।

(ঘ) আর্জির দফাওয়ারী জবাব প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ কৌশলির নিকট প্রেরণ করা।

(ঙ) উক্ত মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিতকরণ।



২৪-১১-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

ইমেইল: law.section1@shed.gov.bd

মহাপরিচালক

মহাপরিচালকের দপ্তর

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.১৫.০০১.২২.৩৩৮/১(২)

তারিখ: ৯ অগ্রহায়ণ ১৪২৯

২৪ নভেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) যুগ্মসচিব, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২৪-১১-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব